দৈনিক
আমাদের সময়

তারিখ 25 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৩

# রাবির ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে বঙ্গবন্ধুর হত্যার সাল ভুল

## ভর্তি পরীক্ষা কমিটির দুঃখ প্রকাশ

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ● রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার 'বি' ইউনিটের প্রশ্নপত্রে (এমসিকিউ) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকাণ্ডের সাল ভুল পাওয়া গেছে। এতে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, ভর্তিচ্ছু অভিভাবক ও ছাত্রলীগের নেতাকর্মীরা। এদিকে এমন ভুলের জন্য গভীরভাবে দুঃখ প্রকাশ করেছেন সংশ্লিষ্ট ভর্তি পরীক্ষা কমিটি। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসূত্রে জানা গেছে, গতকাল সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত 'বি' (আইন অনুষদ) ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার প্রশ্নপত্রের ইংরেজি ব্যাকরণ অংশে প্রিপজিশন পূরণের একটি প্রশ্নে উল্লেখ করা হয়েছে, ....15th August 2016, Bangabandhu was brutally killed. প্রশ্নপত্রে এমন গুরুত্বপূর্ণ একটি জায়গায় এ ধরনের একটি ভুলের কারণে পুরো ক্যাম্পাসেই ক্ষোভের সৃষ্টি হয়েছে।

এদিকে প্রশ্নে এমন ভুলের ঘটনায় দুঃখ প্রকাশ করেছে 'বি' ইউনিট প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা কমিটি। সন্ধ্যায় ওই কমিটির চিফ কো-অর্ডিনেটর আ ন ম ওয়াহিদ স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, ইংরেজি ব্যাকরণ অংশের একটি প্রশ্নে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মম হত্যাকাণ্ডের তারিখ ১৫ আগস্ট ১৯৭৫-এর পরিবর্তে ১৫ আগস্ট ২০১৬ মুদ্রিত হয়েছে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য আইন অনুষদ গভীর দুঃখ প্রকাশ করছে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন বলেন, প্রশ্নপত্রে যে ভুলটি হয়েছে, নিঃসন্দেহে এটি একটি বড় ভুল। সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি এমন ভুলের জন্য বিভিন্ন মিডিয়ায়ে বিজ্ঞপ্তি ও বিবৃতি দিয়ে দুঃখ প্রকাশ করেছে। বিষয়টি নিয়ে আমি ডিনের সঙ্গে কথা বলেছি, তিনি এর জন্য গভীরভাবে দুঃখ প্রকাশ করেছেন। ইচ্ছাকৃতভাবে এমন ভুল করার কথা নয়; তারপরও যদি এমনটি হয়ে থাকে, তাহলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।